

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড
বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd



পত্র নং-৫৮.০৪.০০০০.০২৭.০১.০০৫.২১-১৭৫৪(৭৭)


তারিখঃ ১৮ কার্তিক'১৪২৮
০৩ নভেম্বর'২০২১

বিষয় : যে কোন প্রস্তাব অনুমোদনের নিমিত্তে প্রেরণকালে বন্দির প্রকৃতি/ধরণ সুস্পষ্টভাবে উল্লেখকরণ সংক্রান্ত
সূত্র : কারা অধিদপ্তরের পত্র নং-৫৮.০৪.০০০০.০২৭.০১.০১৪.২১-১২৭৭(৭৬), তারিখ : ০৪-৮-২০২১

লক্ষ্য করা যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারকের মাধ্যমে যে কোন বন্দির বদলী, রেয়াত, চিকিৎসা, মুক্তি, শ্রেণী
প্রদানের প্রস্তাবসহ অন্যান্য সকল প্রস্তাব অনুমোদনের জন্য এ অধিদপ্তরে প্রেরণকালে তার প্রকৃতি/ধরণ সুস্পষ্টভাবে
উল্লেখ করার নির্দেশনা দেয়া হলেও কারাগার হতে উল্লিখিত প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে তা যথাযথভাবে প্রতিপালন করা
হচ্ছে না। ফলে বিভিন্ন মহলে কারা বিভাগের সুনাম ক্ষুণ্ণ হচ্ছে, যা-অত্যন্ত দুঃখজনক ও আদেশ অবমাননার সামিল।

২। কারাগারে আটক কোন বন্দির যে কোন ধরণের প্রস্তাব অনুমোদনের নিমিত্তে প্রেরণকালে সংশ্লিষ্ট বন্দির
প্রকৃতি/ধরণ (কোন ধরণের অপরাধে কারাগারে আটক আছে; যেমনঃ- জেএমবি, যুদ্ধাপরাধী, শীর্ষ সন্ত্রাসী, সাধারণ,
যে কোন আলোচিত মামলা এবং হত্যা মামলার ক্ষেত্রে-পারিবারিক হত্যা, ধর্ষণজনিত হত্যা, চাঞ্চল্যকর হত্যা মামলা
ইত্যাদির সংক্ষিপ্ত বিবরণসহ) অগ্রগামীপত্রে এবং কারা বিবরণীতে সুস্পষ্টভাবে উল্লেখ করার জন্য পুনরায় নির্দেশ
প্রদান করা যাচ্ছে।

৩। ভবিষ্যতে এ বিষয়ে কোনরূপ ব্যত্যয় পরিলক্ষিত হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।


মোঃ আবরার হোসেন
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে- কারা মহাপরিদর্শক
☎- ৫৭৩০০২২২ (দপ্তর)।
addl.ig@prison.gov.bd

কার্যার্থে বিতরণঃ

- ১। কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
- ২। সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।
- ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। বিষয়টি ওয়েব সাইটে প্রকাশের জন্য।